PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–302

(বিশ শতকের বাংলা কবিতা—১)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রথম কবিতা সংকলন কোনটি? এটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? ''যুগের প্রেক্ষাপটে ব্যক্তিজীবনের নিজস্বতায় যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতাগুলি বিশেষ চেহারা পেয়েছিল। গতানুগতিক কবিগোষ্ঠী থেকে তিনি পৃথক ছিলেন। তাঁর লেখা ছিল মূলত প্রতিবাদী।'' উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

২। 'অগ্নিবীণা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছিল? এর প্রচ্ছদ পরিকল্পনা কার? ''নজরুল ইসলাম তাঁর কবিতায় পুরাণের নবজন্ম ঘটিয়েছেন।'' 'অগ্নিবীণা'র আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'বনলতা সেন' কাব্যগ্রন্থের প্রথম সংস্করণের প্রকাশক কে? ''জীবনানন্দের কবিতা শব্দ থেকে যাত্রা করে শব্দাতীতের দিকে।'' তোমার পঠিত কবিতা অবলম্বনে এই মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১৩=১৪

৪। ''কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে''

এই পংক্তিটি 'বনলতা সেন' কাব্যের কোন্ কবিতায় রয়েছে? ''জীবনানন্দের কবিতায় প্রেম-বিষাদ-প্রকৃতি-বিচ্ছেদ যেমন পরস্পর সম্পৃক্ত, তেমনি সময় ও পরিসরচেতনার নিরন্তর দ্বিরালাপ তাঁর কাব্যের মৌল বৈশিষ্ট্য।'' আলোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'চোরাবালি' কাব্যগ্রন্থ প্রথম কবে প্রকাশিত হয়? গ্রন্থটিতে মোট কয়টি কবিতা রয়েছে? '' 'ঘোড়সওয়ার' কারো কাছে প্রেমের কবিতা, আবার কোনো পাঠকের কাছে বিপ্লবের নেতৃত্বের আবাহন।'' এই মন্তব্যের আলোকে কবিতাটির ভাবসত্য বিশ্লেষণ করো। ২+১২=১৪

৬। ‘চোরাবালি’র ‘টপ্পা-ঠুংরী’ কবিতাটি কবি কাকে উৎসর্গ করেছেন? পিদ্‌সিকাতো কী? ‘‘নগর জীবনের কয়েক টুকরো দৃশ্যপট অপরূপ কবিতা হয়ে উঠেছে সাঙ্গীতিক অনুপুঙ্খের মেধাবী প্রয়োগে।’’ এই মন্তব্যের নিরিখে কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। ‘অর্কেস্ট্রা’ ব্যতিরেকে, প্রকাশকালসহ সুধীন্দ্রনাথের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ‘‘এক ধরনের নেতিবাদ ও অবিশ্বাসচেতনা সুধীন্দ্রনাথের কবিস্বভাবকে বিশিষ্টতা দিয়েছে।’’ ‘অর্কেস্ট্রা’ কবিতার বিশ্লেষণসূত্রে এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করো। ২+১২=১৪

৮। সুধীন্দ্রনাথ দত্ত সম্পাদিত সাময়িকপত্রটির নাম কী? সুধীন্দ্রনাথ যাঁর দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছেন, এমন একজন ইউরোপীয় কবির নামোল্লেখ করো। ‘‘তিনি এক দায়িত্বশীল যুগচেতনার অধিকারী—সেইজন্য সমসাময়িক যুগ তাঁর কাব্যে বারংবার ছায়া ফেলেছে।’’ ‘অর্কেস্ট্রা’র কবিতা অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ‘‘অ-সুস্থ পৃথিবীতে আরোগ্যের বার্তা ছড়ান বীরেন্দ্র চট্টোপাধ্যায়, অন্ধকারে বন্দি মানুষের হয়ে এই কবির আলোক-সাধনা।’’ আলোচনা করো। ২+১২=১৪

১০। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের সমকালীন এবং একই মতাদর্শে বিশ্বাসী দুজন কবির নাম লেখো। ‘‘প্রতিবাদ, ভর্ৎসনা ও ব্যঙ্গ বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কাব্যভাষার স্বতন্ত্র এক মেজাজ গড়ে তুলেছে।’’ উদাহরণ সহযোগে বিষয়টি পরিস্ফুট করো। ২+১২=১৪

★★★